

পায়রা বন্দর কর্তৃপক্ষ
কলাপাড়া, পটুয়াখালী
www.ppa.gov.bd

স্মারক নং-১৮.২১.৭৮৬৬.০০১.১১.০২৮.২০/২৮০

তারিখ : ২৭ আগস্ট, ২০২০ খ্রিঃ
১২ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি

বিষয় : পায়রা বন্দর কর্তৃপক্ষের অস্থায়ীভিত্তিতে রাজস্ব খাতে সৃজনকৃত ৪ ক্যাটাগরীর ১৮টি শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পায়রা বন্দর কর্তৃপক্ষের স্মারক নং-১৮.২১.৭৮৬৬.০০১.১১.০২৮.২০/২৭৪, তারিখ : ৩ জুন, ২০২০ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ১১তম, ১২তম ও ১৬তম খণ্ডের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে প্রদত্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :


ক্র. নং	পদের নাম	পরীক্ষার কেন্দ্রের নাম	পরীক্ষার তারিখ ও সময়
১	সিনিয়র স্টাফ নার্স	নীলক্ষেত উচ্চ বিদ্যালয়, নীলক্ষেত, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।	১১/০৯/২০২০ খ্রিঃ শুক্রবার সকাল ১০ : ০০ ঘটিকা হতে ১১ : ০০ ঘটিকা পর্যন্ত।
২	ইনল্যান্ড মাস্টার (১ম শ্রেণী)		
৩	ইঞ্জিন ড্রাইভার (১ম শ্রেণী)		
৪	জুনিয়র স্টাফ নার্স		

১। পায়রা বন্দর কর্তৃপক্ষের ০৪/০৬/২০২০ খ্রিঃ তারিখের জারীকৃত বিজ্ঞপ্তির শর্তানুযায়ী প্রার্থীর লিখিত পরীক্ষার প্রবেশপত্র পায়রা বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট www.ppa.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট <http://ppa.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে না।

২। প্রার্থীকে লিখিত পরীক্ষার প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ও কলম ছাড়া অন্য কোন কাগজপত্র/সার্টিফিকেট/ডকুমেন্ট সঙ্গে রাখার প্রয়োজন নাই। পরীক্ষার সময় প্রার্থীগণ মোবাইল ফোন এবং কোন প্রকার ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখতে পারবেন না।

৩। লিখিত পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১৫ (পনের) মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। বিলম্বে হাজির হওয়ার কোন কারণই কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না।

৪। প্রার্থী লিখিত পরীক্ষা গ্রহণের সময় কোন প্রকার দুর্নীতি/অসদুপায় অবলম্বন/প্রতারণায় আশ্রয় নিলে তার বিরুদ্ধে কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।


মহিউদ্দিন আহমেদ (প্রশাসনিক)
পরিচালক (প্রশাসন)
পায়রা বন্দর কর্তৃপক্ষ